

তারিখ : ১০/২০২০ খ্রি.

জারি নম্বর :

নোটিশ

প্রাপক :

- ১। ব্যবস্থাপনা পরিচালক, খুলনা ওয়াসা, খুলনা তাঁকে যৌথ তদন্তের পূর্বে আইনের বিধানমতে ব্যাপক প্রচারে প্রয়োজনীয় সহযোগিতা/ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
- ২। প্রোগ্রামার, জেলা প্রশাসকের কার্যালয়, খুলনা (জেলা প্রশাসক, খুলনা মহোদয়ের ওয়েবসাইটে প্রদর্শনের জন্য)।
- ৩। সহকারী প্রোগ্রামার, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, বাটিয়াঘাটা, খুলনা (উপজেলা নির্বাহী অফিসার, বাটিয়াঘাটা, খুলনা মহোদয়ের ওয়েবসাইটে প্রদর্শনের জন্য)।
- ৪। উদ্যোক্তা, ইউনিয়ন ডিজিটাল সেন্টার, জলমা, বাটিয়াঘাটা, খুলনা এর ওয়েবসাইটে প্রদর্শনের জন্য।
- ৫। মাথাভাঙ্গা মৌজা এর প্রকাশ্য স্থানে লটকাইয়া জারি।
- যেহেতু, নিম্ন তফসিল বর্ণিত সম্পত্তি খুলনা শহরে পয়ঃনিষ্কাশন ব্যবস্থা নির্মাণ শীর্ষক প্রকল্পের জন্য জনপ্রয়োজন ও জনস্বার্থমূলক উদ্দেশ্যে প্রয়োজন, সেহেতু, এক্ষণে স্থাবর সম্পত্তি অধিগ্রহণ ও হুকুম দখল আইন ২০১৭ (২০১৭ সনের ২১ নম্বর আইন) এর ৪ ধারার অধীনে এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য নোটিশ জারি করা হইল যে, বর্ণিত সম্পত্তি সরকার কর্তৃক অধিগ্রহণের জন্য প্রস্তাব করা হইয়াছে। উক্ত সম্পত্তিতে স্বার্থবান যে কোন ব্যক্তি এই নোটিশ জারির পরবর্তী ১৫ (পনের) দিনের মধ্যে, প্রস্তাবিত সম্পত্তির অধিগ্রহণের বিরুদ্ধে জেলা প্রশাসকের নিকট আপত্তি (যদি থাকে) দায়ের করিতে পারিবেন।
- ২০/১০/২০২০ খ্রি. তারিখে বা তারিখ হতে তফসিল বর্ণিত সম্পত্তি যৌথ তদন্ত হবে। যৌথ তদন্তকালে উক্ত সম্পত্তির মালিক বা স্বার্থ সংশ্লিষ্ট ব্যক্তিকে উপস্থিত থাকিবার জন্য অনুরোধ করা হইল।

তফসিল

ক্রমিক নম্বর	খতিয়ান নম্বর (আর.এস)	দাগ নম্বর (আর.এস)	রেকর্ডীয় শ্রেণি	প্রস্তাবিত জমির পরিমাণ (একরে)
১	৫৪১	৩১৬৯	বিলান	০.৫২
২	৫৩৮, ৫৩৯	৩১৭০	বিলান	৪.৫৩
৩	০১, ৫৩৭, ৫৪০	৩১৭১	বিলান	০.৯৭
৪	৫৩৪	৩১৭২	বিলান	০.০৬
৫	৫৩৫	৩১৭৩	বিলান	০.১৬
৬	১	৩১৮৮	বীধ	০.২৫
৭	৫৪০	৩২০৯	বিলান	১১.৮৫
			মোট=	১১.৮৫

অধিগ্রহণকৃত জমির ভূমি মালিক/ স্বার্থ সংশ্লিষ্ট ব্যক্তিগণের জন্য জ্ঞাতব্য :

- ১। উল্লিখিত জমির বাস্তব অবস্থা, স্থাপনা, অবকাঠামো ইত্যাদির ডিউও/ সরেজমিনে তদন্ত করে মালিকানা / দখল ইত্যাদি তথ্য সম্বলিত যৌথ তদন্ত বহি প্রস্তুত করা হইবে। নির্ধারিত সময়ে উক্ত তদন্তকালে স্বয়ং বা ক্ষমতাপ্রাপ্ত প্রতিনিধি মারফত কাগজপত্র ও দলিলাদিসহ (সার্টিফাইড/মূলকপি) উপস্থিত থাকুন এবং সঠিক তথ্য প্রদান করুন।
- ২। প্রাপ্ত তথ্যের ভিত্তিতে যৌথ তদন্ত তালিকা প্রস্তুতপূর্বক উহা প্রস্তাবিত অধিগ্রহণ এলাকার সুবিধাজনক স্থানে এবং নিকটস্থ ভূমি অফিসে লটকাইয়া দেওয়া হইবে। উহা দেখিয়া আপনি আপত্তি দিতে পারিবেন। আপনার নামে রেকর্ড হালনাগাদ/ নামজারী না হইয়া থাকিলে, অবিলম্বে হালকরণপূর্বক বকেয়া ভূমি উন্নয়ন কর পরিশোধ করিয়া দাখিল/ মওকুফ দাখিলা সংগ্রহ করুন। ইহা ক্ষতিপূরণ প্রাপ্তির স্বপক্ষে আপনার মালিকানা প্রমাণে সহায়ক হইবে।
- ৩। অবৈধভাবে লাভবান হওয়ার উদ্দেশ্যে জমির শ্রেণি পরিবর্তন, অবকাঠামো নির্মাণ করিবেন না। এরূপ পরিবর্তন বা অবকাঠামো পরিবর্তন লিপিবদ্ধ করা হইবে না এবং আপনি ইহার জন্য কোন ক্ষতিপূরণ প্রাপ্য হইবেন না।
- ৪। সকল ক্ষেত্রে নিজে বা ক্ষমতাপ্রাপ্ত প্রতিনিধির মাধ্যমে সরাসরি আবেদন করুন। ক্ষমতাপ্রদানের জন্য নির্ধারিত ফরম ব্যবহার করুন। অনলাইনে আবেদন, ফরম ও পদ্ধতি জানার জন্য এ কার্যালয়ের ওয়েবসাইট www.khulna.gov.bd ভিজিট করুন।

প্রাপ্তি নং:	তারিখ:
প্রশাসনিক কর্মকর্তা	উপজেলা/সিটি ম্যাজিস্ট্রেট
সিউ	স্বাক্ষরিত করে
অফিস সহকারী	স্বাক্ষরিত করে
হিসাব সহকারী	স্বাক্ষরিত করে
স্যাটেলিট কেট সহকারী	স্বাক্ষরিত করে
উপজেলা/সিটি নির্বাহী অফিসার	উপজেলা নির্বাহী অফিসার
বাটিয়াঘাটা, খুলনা।	বাটিয়াঘাটা, খুলনা।

জেলা প্রশাসক, খুলনা এর পক্ষে
ভূমি অধিগ্রহণ কর্মকর্তা
খুলনা